

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়, মাদারীপুর  
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)  
www.madaripur.gov.bd

নম্বর : ০৫.৪১.৫৪০০.১২৩.৫১.০০৩.২৩- ৫৭৪

১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ : -----  
২৫ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: নির্বাচনী সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিকের কার্ড/গাড়ির স্টিকার সংগ্রহের নীতিমালা ও আবেদন পদ্ধতি।

সূত্র : বাংলাদেশ নির্বাচন কমিশন, জনসংযোগ শাখার ১২ এপ্রিল, ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৪০.৪১.০১০.২১-১০৩ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষে মাদারীপুর জেলায় (সংসদীয় আসন মাদারীপুর-১, মাদারীপুর-২ ও মাদারীপুর-৩) এ নির্বাচনী সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিকদের কার্ড/সাপোর্টিং স্টাফের কার্ড/গাড়ির স্টিকার সংগ্রহে নিম্নবর্ণিত বিষয়াবলী অনুসরণপূর্বক রিটার্নিং অফিসারের কার্যালয় আবেদনপত্র দাখিলের জন্য বলা হলো।

০১. নির্বাচনী সংবাদ সংগ্রহে গণমাধ্যম ও সাংবাদিক:

- ক. প্রিন্ট মিডিয়া ডিক্লারেশন প্রাপ্ত এবং নিয়মিত প্রকাশিত দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক প্রভৃতি;
- খ. টেলিভিশন: অনুমোদিত টেলিভিশন চ্যানেল যা বাংলাদেশ হতে প্রচারিত হয়;
- গ. অনলাইন নিউজ পোর্টাল, অনুমোদিত অনলাইন নিউজ পোর্টাল;
- ঘ. আইপিটিভি: অনুমোদিত ইন্টারনেটভিত্তিক টেলিভিশন;
- ঙ. ফ্রিল্যান্স সাংবাদিক : তথ্য অধিদপ্তরের সাংবাদিক পাশধারী;

০২. সাংবাদিক কার্ডের জন্য আবেদন প্রক্রিয়াঃ

- ক. আবেদনকারীকে সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/চীফ রিপোর্টার/বার্তা প্রধান/ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র জমা দিতে হবে।
- খ. আবেদনপত্রটি আগামী ০৩-০১-২০২৪ খ্রি: তারিখ বিকাল ০৪: ০০ ঘটিকার মধ্যে রিটার্নিং অফিসার বরাবর দাখিল করতে হবে।

০৩. সাংবাদিক কার্ডের জন্য আবেদনপত্রের সহিত সংযুক্ত দলিলাদিঃ

- ক. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- খ. প্রতিষ্ঠানের পিআইডি কার্ড/সাংবাদিক পরিচয়পত্র।
- গ. জাতীয় পত্রিকার ক্ষেত্রে তথ্য ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক সর্বশেষ প্রকাশিত তালিকায় সংশ্লিষ্ট পত্রিকার ক্রমিক নম্বর চিহ্নিত করে পেইজের কপি জমা দিতে হবে।
- ঘ. স্থানীয় পত্রিকার ক্ষেত্রে জেলা প্রশাসন কর্তৃক প্রিন্ট মিডিয়া ডিক্লারেশন কপি।
- ঙ. অনলাইন পোর্টালের ক্ষেত্রে অনুমোদনের তালিকার কপি।
- চ. সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজ ও ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি।
- ছ. দৈনিক পত্রিকার ক্ষেত্রে পরপর প্রকাশিত ৭ দিনের প্রকাশিত পত্রিকার কপি এবং সাপ্তাহিক পত্রিকার ক্ষেত্রে সর্বমোট ৩ টি সংখ্যার কপি।

০৪. সাপোর্ট স্টাফ (মিডিয়া) কার্ড:

টেলিভিশনের সাংবাদিকদের প্রযুক্তিগতভাবে সহায়তা করার জন্য যে সকল সাপোর্ট স্টাফ নিয়োজিত থাকবেন তাদেরকে সাপোর্ট স্টাফ (মিডিয়া) কার্ড প্রদান করা হবে। সাপোর্ট স্টাফের এনআইডি কার্ড, সদ্য তোলা ১ কপি সাপোর্ট সাইজ ও ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি এবং সংশ্লিষ্ট ইলেক্ট্রনিক মিডিয়া কর্তৃক অনুমোদিত কার্ডসহ জমা দিতে হবে।

০৫. গাড়ির স্টিকারের জন্য আবেদন প্রক্রিয়াঃ

ক. ফোর হইলার যানবাহনের ক্ষেত্রে সাংবাদিকদের যাতায়াতের জন্য যৌক্তিক সংখ্যক গাড়ীর স্টিকার প্রদান করা হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রেসের গাড়ীর ড্রাইভারের এনআইডি, ড্রাইভিং লাইসেন্স, গাড়ির বৈধ কাগজপত্র (ফিটনেস সার্টিফিকেট, রেজিস্ট্রেশন কার্ড ইত্যাদি) সংযুক্তিপূর্বক রিটার্নিং অফিসার বরাবর আবেদন করতে হবে।

খ. তাছাড়া সাংবাদিকদের যাতায়াতের জন্য যৌক্তিক সংখ্যক গাড়ির স্টিকার প্রদান করা হবে। প্রয়োজনীয়তার নিরীখে ও বাস্তবতার আলোকে প্রকৃত সাংবাদিকদেরকে ভোটকেন্দ্রে গমনাগমন করতঃ সংবাদ সংগ্রহের লক্ষ্যে সীমিত পর্যায়ে মোটরসাইকেল ব্যবহারের অনুমতি দেয়া হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সাংবাদিককে স্ব স্ব প্রতিষ্ঠানের নিয়োগপত্র প্রেস আইডির কপি, এনআইডির কপি এবং যে মোটরসাইকেল ব্যবহার করা হবে সেই মোটরসাইকেলের রেজিস্ট্রেশনের কাগজপত্র, ড্রাইভিং লাইসেন্স এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ রিটার্নিং অফিসার বরাবর আবেদন করতে হবে।

০৬. নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত পদ্ধতিতে আবেদন না করলে পরবর্তিতে দাখিলকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে।


প্রাপক : .....


.....

নম্বর : ০৫.৪১.৫৪০০.১২৩.৫১.০০৩.২৩-

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

- ১। পুলিশ সুপার, মাদারীপুর।
- ২। পরিচালক, ঢাকা ব্যাটালিয়ন (২৬ বিজিবি)
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার।
- ৪। কোম্পানী কমান্ডার, র‍্যাব-৮, মাদারীপুর।
- ৫। সহকারী কমিশনার (গোপনীয়) (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর।
- ৭। জেলা নির্বাচন অফিসার, মাদারীপুর।
- ৮। জেলা তথ্য অফিসার, মাদারীপুর।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, মাদারীপুর সদর ও সহকারী রিটার্নিং অফিসার।
- ১০। জনাব .....
- ১১। অফিস কপি।

  
(মো: নাজমুল ইসলাম)  
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর  
ও  
আহবায়ক  
কার্ড ইস্যুকরণ সংক্রান্ত কমিটি  
পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ : .....  
ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

  
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট  
মাদারীপুর।